



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/মাধ্য/পনি-২০

তারিখ : ০৪ নভেম্বর ২০২১

### এসএসসি পরীক্ষা ২০২১ এর ফরম পূরণ বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অর্থ ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে ২০২১ সালের এসএসসি পরীক্ষা সংক্ষিপ্ত পরিসরে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরীক্ষার্থীদের তত্ত্বীয় পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৬৬তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির ৫৩৩তম সভায় অনুমোদিত হয়।

বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত:

- ক) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছে তাদের প্রবেশপত্রে উল্লিখিত প্রতিটি পত্রের যে সকল পত্র/বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই সকল বিষয় ব্যতিত অন্য বিষয়/পত্রের জন্য আদায়কৃত বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে পত্র প্রতি (তত্ত্বীয়) ৩০/= (ত্রিশ) টাকা হারে ফেরত প্রদান করা হবে।
- খ) পরীক্ষার্থীর ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে (আইসিটি ব্যতিত), আদায়কৃত বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে বিষয় প্রতি ২০/= (কুড়ি) টাকা এবং আইসিটি বিষয়ের বোর্ড ফি ৩০/= (ত্রিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক বোর্ড ফি ৩০/= (ত্রিশ) টাকা ফেরত প্রদান করা হবে। বোর্ড কর্তৃক ফেরত প্রদানের অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে।

কেন্দ্র হতে পরীক্ষার্থীকে ফেরত:

- ক) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছে এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে (ন্যূনতম ০১ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করার ক্ষেত্রেও) তাদের কেন্দ্র ফি হতে পরীক্ষার্থী প্রতি ১০০/= (একশত) টাকা এবং আইসিটি বিষয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত ২৫/= (পঁচিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বাবদ আদায়কৃত ১০/= (দশ) টাকা পরীক্ষার্থীকে ফেরত প্রদান করতে হবে।
- খ) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছে কিন্তু পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না সেক্ষেত্রে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৪০০/= (চারশত) টাকা এবং আইসিটি বিষয়ে অতিরিক্ত আরও ২৫/= (পঁচিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বাবদ প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত ১০/= (দশ) টাকা পরীক্ষার্থীকে ফেরত প্রদান করতে হবে।

পরীক্ষার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ ও অব্যয়িত কেন্দ্র ফি গ্রহণ করবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

০৪/১১/২০২১

মো. আরিফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/মাধ্য-১/পনি-৫০৫(৩৬৬৫)

তারিখ : ০৪ নভেম্বর ২০২১

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৪. মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৭. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/খশোর/কুমিল্লা/ছত্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড
৮. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১০. উপজেলা নির্বাহী অফিসার(সকল), রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১১. জেলা শিক্ষা কর্মকর্তা, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১২. রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধান
১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা(সকল), রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১৫. গার্ড ফাইল, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

মো. মুজ্জুর রহমান খান

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন # ০৭২১-৭৭৫৮৫১

dcs@rajshahieducationboard.gov.bd